## অধ্যায়-১ : অব্যবসায়ী প্রতিষ্ঠানের হিসাব

১. কোনটি অব্যবসায়ী প্রতিষ্ঠানের উদ্দেশ্য নয়? (জ্ঞান) /সরকারি হাজী মুহাম্মদ মহসিন কলেজ, চট্টগ্রাম/
ক সমাজকল্যাণ খ আর্তমানবতার সেবা
গ শিক্ষাবিস্তার ঘ অর্থনৈতিক উন্নয়ন — ঘ

২. অব্যবসায়ী প্রতিষ্ঠানের সম্পত্তি ও দায়ের পার্থক্যকে কী বলে? (অনুধাবন) /সরকারি হাজী মুহাম্মদ মহসিন কলেজ, চট্টগ্রাম/
ক ব্যয়াতিরিক্ত আয় খ আয়াতিরিক্ত ব্যয়
গ মূলধন ঘ মূলধন তহবিল — ঘ

৩. কোনটি অব্যবসায়ী মুনাফাভোগী প্রতিষ্ঠান? (অনুধাবন) /সরকারি হাজী মুহাম্মদ মহসিন কলেজ, চট্টগ্রাম/
ক চার্চ খ আবাহনী ক্লাব
গ ইসলামিক ফাউন্ডেশন ঘ ল ফার্ম — ঘ

৪. মূলধন তহবিল অব্যবসায়ী প্রতিষ্ঠানের কোনটি? (অনুধাবন) /নটর ডেম কলেজ, ঢাকা/
ক অন্তর্দায় খ বর্হিদায়
গ সম্পত্তি ঘ আয় — ক

৫. আয়-ব্যয় হিসাবে কোনটি দেখানো হয় না? (অনুধাবন) /মাইলস্টোন কলেজ, ঢাকা/
ক প্রাঙ্গণ উন্নয়ন খ প্রাঙ্গণ রক্ষণাবেক্ষণ
গ প্রাঙ্গণ কর ঘ লকার ভাড়া — ক

৬. দেশ টিভিকে ১০,০০০ টাকা বিজ্ঞাপন বাবদ প্রদান দফাটি প্রাপ্তি ও প্রদান হিসাব এবং আয় ব্যয় হিসাবের কোন দিকে হিসাবভুক্ত হবে? (প্রয়োগ) /মাইলস্টোন কলেজ, ঢাকা/
ক ক্রেডিট ও ডেবিট দিকে
খ উভয় হিসাবের ডেবিট দিকে
গ ডেবিট ও ক্রেডিট দিকে
ঘ মূলধন তহবিলে — ক

৭. চলতি বছরে বিনিয়োগের ক্রয়মূল্যের উপর ৫% হারে বিনিয়োগের সুদ প্রাপ্তি ৩,৭৫০ টাকা হলে বিনিয়োগের প্রারম্ভিক মূল্য কত? (প্রয়োগ) /ড. মাহবুবুর রহমান মোল্লা কলেজ, কুমিল্লা/
ক ৭৫,০০০ টাকা খ ৭১,২০০ টাকা
গ ৩৭,৫০০ টাকা ঘ ১৮,৭৫০ টাকা — ক

৮. ক্ষেত্র বিশেষে কোনটি মূলধন জাতীয় ও মুনাফা জাতীয় প্রাপ্তি হতে পারে? (অনুধাবন) /হলিক্রস কলেজ, ঢাকা/
ক মনিহারী দ্রব্য খ অনুদান
গ অগ্রিম আয় ঘ স্থায়ী সম্পত্তি বিক্রয় — খ

৯. অনুদান অব্যবসায়ী প্রতিষ্ঠানের কী? (অনুধাবন) /আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা/
ক মূলধন জাতীয় ব্যয় খ মূলধন জাতীয় প্রাপ্তি
গ মুনাফা জাতীয় ব্যয় ঘ মুনাফা জাতীয় আয় — খ

১০. সদস্য বা অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান থেকে এককালীন মোট অংকের অর্থ প্রাপ্তিকে কী বলে? (জ্ঞান) /বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা/
ক চাঁদা খ অনুদান
গ ভর্তি ফিস ঘ সদস্য ফিস — খ

১১. অব্যবসায়ী প্রতিষ্ঠানের আয়ের প্রধান উৎস কী? (জ্ঞান) /দনিয়া কলেজ, ঢাকা/
ক বিক্রয় খ মূলধনের সুদ
গ চাঁদা ও অনুদান ঘ বিনিয়োগের সুদ — গ

১২. মনিহারি ক্রয় ৮০০ টাকা। প্রারম্ভিক উদ্বৃত্ত ১০০ টাকা। সমাপনী মনিহারি ১৮০ টাকা। ব্যবহৃত মনিহারির পরিমাণ কত? (প্রয়োগ) /দনিয়া কলেজ, ঢাকা/
ক ৭২০ টাকা খ ৮০০ টাকা
গ ৯০০ টাকা ঘ ১০০০ টাকা — ক

১৩. কোনটি অব্যবসায়ী প্রতিষ্ঠানের মুনাফাজাতীয় আয়? (অনুধাবন) /ঢাকা ইম্পিরিয়াল কলেজ/
ক উইলকৃত সম্পত্তি
খ বিশেষ তহবিল অনুদান
গ প্রবেশ ফি ঘ বেতন, মজুরি বোনাস — গ

১৪. চলতি বছরে ভাড়া প্রদান ৩৬,০০০ টাকা যা মোট ভাড়ার $^4/_5$ অংশ। মোট ভাড়ার পরিমাণ কত? (প্রয়োগ) /ইস্পাহানী বালিকা বিদ্যালয় ও মহাবিদ্যালয়, মগবাজার, ঢাকা/
ক ২৮,৮০০ টাকা খ ৪৫,০০০ টাকা
গ ৪৩,২০০ টাকা ঘ ৫০,৪০০ টাকা — খ

১৫. চলতি বছরের চাঁদা ৫০০০ টাকা, অগ্রিম চাঁদা ৩০০০ টাকা হলে প্রাপ্তি প্রদান হিসাবে চাঁদা বাবদ কত আসবে? (প্রয়োগ) /গাজীপুর কমার্স কলেজ/
ক ২০০০ খ ৩০০০
গ ৫০০০ ঘ ৮০০০ — ঘ

১৬. প্রারম্ভিক সম্পত্তি ও দায়; নগদ তহবিল ১২,০০০ টাক, দালান কোঠা ৫০,০০০ টাকা, আসবাবপত্র ৩০,০০০ টাকা, প্রদেয় বেতন ৬,০০০ টাকা, অনাদায়ী চাঁদা ১০০ টাকা, প্রাপ্য ভাড়া ১৪,০০০ টাকা, লাইব্রেরি পুস্তক ২,০০০ টাকা। মূলধন তহবিলের পরিমাণ কত টাকা? (প্রয়োগ) /আবদুল কাদির মোল্লা সিটি কলেজ, নরসিংদী/
ক ৪৫,০০০ টাকা খ ৫৬,০০০ টাকা
গ ১,০২,০০০ টাকা ঘ ১,০২,১০০ টাকা — ঘ

১৭. কাকলী সংঘের সদস্য সংখ্যা ১০ জন। চাঁদার হার মাসিক ১২ টাকা। তিন জন সদস্য চলতি বছরের ২ মাসের চাঁদা দেয় নি। তাহলে আয়-ব্যয় হিসাবে চাঁদা বাবদ কত টাকা দেখাতে হবে? (প্রয়োগ) /আবদুল কাদির মোল্লা সিটি কলেজ, নরসিংদী/
ক ১,৩৬৮ টাকা খ ১,৪৫০ টাকা
গ ১,৪৪০ টাকা ঘ ১,৫০০ টাকা — গ

১৮. মনিহারি ক্রয় ৫,০০০ টাকা। প্রারম্ভিক মনিহারি মজুদ ১,০০০ টাকা সমাপনী মনিহারী মজুদ ২,০০০ টাকা। ব্যবহৃত মনিহারী কত? (প্রয়োগ) /ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, মোমেনশাহী/
ক ৩,০০০ টাকা খ ৪,০০০ টাকা
গ ৫,০০০ টাকা ঘ ৬,০০০ টাকা — খ

১৯. কোনটি অ-ব্যবসায়ী মুনাফাভোগী প্রতিষ্ঠান? (জ্ঞান) /নিউ গভ. ডিগ্রী কলেজ, রাজশাহী/
ক চার্চ খ আবাহনী ক্লাব
গ ইসলামী ফাউন্ডেশন ঘ নার্সিং হোম — ঘ

২০. রেড ক্রিসেন্ট কোন ধরনের প্রতিষ্ঠান? (জ্ঞান) /ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, কুমিল্লা/
ক মুনাফাভোগী খ অমুনাফাভোগী
গ ব্যবসায়ী ঘ বিদেশি — খ

Teachingbd.com

২১. চলতি সালের বকেয়া আয় কোথায় লিপিবদ্ধ হয়? (অনুধাবন) /ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, কুমিল্লা/
ক মূলধন তহবিল নির্ণয়ে
খ প্রাপ্তি-প্রদান হিসাবে
গ আর্থিক অবস্থার বিবরণীতে
ঘ লাভ-ক্ষতি বণ্টন হিসাবে
উত্তর: গ

২২. অব্যবসায়ী প্রতিষ্ঠানে নির্দিষ্ট খরচের বিপক্ষে যে তহবিল তৈরি করা হয় তার নাম কী? (অনুধাবন) /সরকারি কমার্স কলেজ, চট্টগ্রাম/
ক মূলধন তহবিল খ বিশেষ তহবিল
গ খরচ তহবিল ঘ সঞ্চিতি তহবিল
উত্তর: খ

২৩. বিশেষ উদ্দেশ্য প্রাপ্ত অনুদান কোন জাতীয় হিসাব? (অনুধাবন) /ইস্পাহানি পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম/
ক মুনাফা জাতীয় আয় খ মুনাফা জাতীয় ব্যয়
গ মূলধন জাতীয় প্রাপ্তি ঘ মূলধন জাতীয় ব্যয়
উত্তর: গ

২৪. ক্লাবের ভাড়া ১ জানুয়ারি ২০১৩ তারিখে ১৪ মাসের জন্য ৪২০০ টাকা পরিশোধ করা হয়, ৩০ জুন ২০১৩ তারিখে অগ্রিম ভাড়া কত হবে? (প্রয়োগ) /বাংলাদেশ মহিলা সমিতি বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, চট্টগ্রাম/
ক ৪,২০০ টাকা খ ২,৪০০ টাকা
গ ১,৮০০ টাকা ঘ ৯০০ টাকা
উত্তর: খ

২৫. নিচের কোনটি মূলধন জাতীয় ব্যয়? (অনুধাবন) /এম সি একাডেমী (মডেল স্কুল ও কলেজ), সিলেট/
ক খাদ্য ক্রয় খ পানীয় ক্রয়
গ মনিহারী ক্রয় ঘ পুস্তক ক্রয়
উত্তর: ঘ

২৬. সদস্যদের সেবা এবং জনকল্যাণমূলক কাজে লিপ্ত প্রতিষ্ঠানকে কী বলে? (জ্ঞান) /সিলেট কমার্স কলেজ/
ক ব্যবসায় প্রতিষ্ঠান খ অব্যবসায়ী প্রতিষ্ঠান
গ উৎপাদনকারী প্রতিষ্ঠান
ঘ সরকারি প্রতিষ্ঠান
উত্তর: খ

২৭. নিচের কোনটি বিশুদ্ধ বা অমুনাফাভোগী অব্যবসায়ী প্রতিষ্ঠান? (জ্ঞান) /সিলেট কমার্স কলেজ/
ক প্রকৌশলীদের ফার্ম খ আইনজীবী সংঘ
গ চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস ফার্ম
ঘ হাসপাতাল
উত্তর: ঘ

২৮. ১০% বিনিয়োগ ১৫,০০০ টাকা এবং সুদ প্রাপ্তি ৫০০ টাকা হলে বকেয়া সুদ কত টাকা? (প্রয়োগ) /সরকারি মহিলা কলেজ, যশোর/
ক ১,০০০ টাকা খ ২৫০ টাকা
গ ৭৫০ টাকা ঘ ১,৫০০ টাকা
উত্তর: ক

২৯. প্রাপ্তি ও প্রদান হিসাবের জের সর্বদা কোনটি হয়? (অনুধাবন) /ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর/
ক ডেবিট খ ক্রেডিট
গ শূন্য ঘ ডেবিট ও ক্রেডিট
উত্তর: ক

৩০. প্রাপ্তি প্রদান হিসাব তৈরি করা হয় কখন? (জ্ঞান) /ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর/
ক প্রতি সপ্তাহে খ প্রতি মাসে
গ প্রতি এক মাস পর ঘ হিসাবকাল শেষে
উত্তর: ঘ

৩১. পরবর্তী বছরের চাঁদা প্রাপ্তি সমন্বয়ে বলা হলে— (অনুধাবন) /আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা/
i. চাঁদার সাথে বিয়োগ হবে
ii. উদ্বৃত্তপত্রের দায় হিসাবে দেখা হবে
iii. উদ্বৃত্তপত্রের সম্পদ দিকে দেখাতে হবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii
উত্তর: ক

৩২. চলতি সালের চাঁদা বিগত সালে আদায় হলে— (অনুধাবন) /বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রউফ পাবলিক কলেজ, ঢাকা/
i. মূলধন তহবিল নির্ণয়ে দায়
ii. উদ্বৃত্ত পত্রে দায়
iii. আয়-ব্যয় হিসাবে প্রাপ্ত চাঁদার সাথে যোগ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii
উত্তর: খ

৩৩. মাসিক প্রদেয় ভাড়া ১,০০০ টাকা, প্রদত্ত ভাড়া ১০,০০০ টাকা হলে বছর শেষে বিষয়টিকে চূড়ান্ত হিসাবে দেখতে হবে— (প্রয়োগ) /কল্যাণপুর গার্লস স্কুল ও কলেজ, ঢাকা/
i. আয় ব্যয় হিসাবের ডেবিট ভাড়া ১২,০০০ টাকা
ii. উদ্বৃত্তপত্রের দায় পার্শ্বে বকেয়া ভাড়া ২,০০০ টাকা
iii. উদ্বৃত্তপত্রের দায় পার্শ্বে বকেয়া ভাড়া ১২,০০০ টাকা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ ii ও iii
উত্তর: ক

৩৪. আয়-ব্যয় হিসাবে আয়ের দিকে বসবে — (অনুধাবন) /ইস্পাহানী বালিকা বিদ্যালয় ও মহাবিদ্যালয়, মগবাজার, ঢাকা/
i. প্রবেশ ফি ii. ভর্তি ফি
iii. আজীবন সভ্যের চাঁদা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii
উত্তর: ক

৩৫. প্রাপ্তি-প্রদান হিসাবে স্থান পায় — (অনুধাবন) /রাজশাহী কলেজ/
i. চলতি বছরে বিগত হিসাবকাল সংক্রান্ত নগদ প্রাপ্তি ও প্রদান
ii. চলতি বছরে পরবর্তী হিসাবকাল সংক্রান্ত নগদ প্রাপ্তি ও প্রদান
iii. চলতি হিসাবকাল সংক্রান্ত নগদ প্রাপ্তি ও প্রদান
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii
উত্তর: ঘ

৩৬. প্রাপ্তি-প্রদান হিসেবের ক্রেডিট দিকে বসবে— (অনুধাবন) /ক্যান্ট. পাবলিক স্কুল ও কলেজ (বিইউএসএমএস) পার্বতীপুর, দিনাজপুর/
i. ব্যাংক জমার ক্রেডিট উদ্বৃত্ত
ii. ব্যাংক জমাতিরিক্ত উত্তোলন
iii. নগদ তহবিল
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii
উত্তর: ক

teachingbd.com
http://teachingbd.com

৩৭. আয়-ব্যয় বিবরণীতে স্থান পায় — (অনুধাবন)
*[সরকারি কমার্স কলেজ, চট্টগ্রাম]*

i. মুনাফাজাতীয় বকেয়া লেনদেন
ii. মুনাফাজাতীয় নগদ লেনদেন
iii. মূলধনজাতীয় নগদ ও বকেয়া লেনদেন

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii **ক**

৩৮. অব্যবসায়ী প্রতিষ্ঠান হিসেবে গণ্য— (অনুধাবন)
*[ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর]*

i. ক্লাব ii. শিক্ষা প্রতিষ্ঠান
iii. হাসপাতাল

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii **ঘ**

৩৯. অব্যবসায়ী প্রতিষ্ঠানের আয়ের উৎস হলো—
(অনুধাবন) *[সরকারি হাজী মুহাম্মদ মহসিন কলেজ, চট্টগ্রাম]*

i. সদস্যদের চাঁদা ii. দান বা অনুদান
iii. পণ্য বিক্রয়

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii **ক**

**উদ্দীপকটি পড়ো এবং ৪০-৪১ নং প্রশ্নের উত্তর দাও।**
২০১৩ সালের চাঁদা বাবদ মোট প্রাপ্তি ১,০০,০০০ টাকা, এর মধ্যে ২০১২ সালের ১০,০০০ টাকা এবং ২০১৪ সালের ১৫,০০০ টাকা অন্তর্ভুক্ত। পক্ষান্তরে চলতি বছরের এখনও অনাদায়ী ১৮,০০০ টাকা।
*[রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]*

৪০. মূলধন তহবিল নির্ণয়ে গত বছরের সম্পত্তি বাবদ কত টাকা দেখাতে হবে? (প্রয়োগ)

(ক) ১০,০০০ টাকা (খ) ১৫,০০০ টাকা
(গ) ১৮,০০০ টাকা (ঘ) ২৫,০০০ টাকা **ক**

৪১. চাঁদা বাবদ চলতি বছরের দায়ের পরিমাণ কত? (প্রয়োগ)

(ক) ১০,০০০ টাকা (খ) ১৫,০০০ টাকা
(গ) ১৮,০০০ টাকা (ঘ) ২৫,০০০ টাকা **খ**

**উদ্দীপকটি পড়ো এবং ৪২-৪৩ নং প্রশ্নের উত্তর দাও।**
'সেবার জন্য আমরা' ক্লাবের সদস্য সংখ্যা ৪০ জন। প্রত্যেকের বার্ষিক চাঁদার পরিমাণ ১,০০০ টাকা। প্রাপ্তি-প্রদান হিসাবে চলতি বছরের চাঁদা ৪২,০০০ টাকা যার মধ্যে আগামী বছরের চাঁদা অগ্রিম পাওয়া গেছে ১২,০০০ টাকা। *[ইস্পাহানী পাবলিক স্কুল এন্ড কলেজ, কুমিল্লা]*

৪২. চলতি বছর অনাদায়ী চাঁদার সদস্য সংখ্যা কত? (প্রয়োগ)

(ক) ১০ জন (খ) ১২ জন
(গ) ৪০ জন (ঘ) ৪২ জন **ক**

৪৩. উপর্যুক্ত অগ্রিম চাঁদা প্রাপ্তির ফলে ব্যবসায়ের — (উচ্চতর দক্ষতা)

i. মূলধন তহবিল বৃদ্ধি পাবে
ii. সম্পদ বৃদ্ধি পাবে
iii. দায় বৃদ্ধি পাবে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii **গ**

**উদ্দীপকটি পড়ো এবং ৪৪-৪৫ নং প্রশ্নের উত্তর দাও।**
মিরপুর সমাজকল্যাণ সংস্থার ২০১২ সালে ৩১ ডিসেম্বর তারিখে চাঁদা প্রাপ্তি ছিল ৮০,০০০ টাকা, চলতি বছরের বকেয়া চাঁদা ছিল ১০,০০০ টাকা বিগত বছরের বকেয়া চাঁদা চলতি বছরের পাওয়া গিয়েছে ৫,০০০ টাকা এবং পরবর্তী বছরের চাঁদা অগ্রিম পাওয়া গেছে ৮,০০০ টাকা।
*[সরকারি হোসেন শহীদ সোহরাওয়ার্দী কলেজ, মাগুরা]*

৪৪. ২০১২ সালের চাঁদা বাবদ আয় কত? (প্রয়োগ)

(ক) ৫৭,০০০ টাকা (খ) ৭৭,০০০ টাকা
(গ) ৮৩,০০০ টাকা (ঘ) ৮৭,০০০ টাকা **খ**

৪৫. পরবর্তী বছরের চাঁদা অগ্রিম প্রাপ্তি দেখাতে হবে — (প্রয়োগ)

i. আয়-ব্যয় হিসাবের ডেবিট দিকে ৮,০০০ টাকা
ii. আয়-ব্যয় হিসাবের ক্রেডিট দিকে চাঁদা হতে বাদ ৮,০০০ টাকা
iii. উদ্বৃত্তপত্রের দায়ের দিকে অগ্রিম চাঁদা নামে ৮,০০০ টাকা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) ii ও iii **গ**

**উদ্দীপকটি পড়ো এবং ৪৬-৪৭ নং প্রশ্নের উত্তর দাও।**
উদয়ন ক্লাবের সদস্যের কাছ থেকে মোট প্রাপ্ত চাঁদা ১,০০,০০০ টাকা। বিগত বছরের ১০,০০০ টাকা, পরবর্তী বছরের ১৫,০০০ টাকা চাঁদা প্রাপ্ত চাঁদার অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়া চলতি বছরের চাঁদা ১৮,০০০ টাকা এখনও অনাদায়ী রয়েছে। *[সরকারি কে. সি. কলেজ, ঝিনাইদহ]*

৪৬. আয়-ব্যয় হিসাবে চলতি বছরের চাঁদা খাতে কত টাকা ক্রেডিট করা হবে? (প্রয়োগ)

(ক) ৫৭,০০০ (খ) ৯৩,০০০
(গ) ১,১৩,০০০ (ঘ) ১,২৩,০০০ **খ**

৪৭. উদয়ন ক্লাবের বিগত বছরের চাঁদা ১০,০০০ টাকা এবং পরবর্তী বছরের চাঁদা ১৫,০০০ টাকা — (উচ্চতর দক্ষতা)

i. আয়-ব্যয় হিসাব প্রস্তুতকরণে প্রভাব ফেলবে না
ii. বিগত বছরের চাঁদা প্রারম্ভিক সম্পদ
iii. পরবর্তী বছরের চাঁদা সমাপনী দায়

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii **গ**

**একটি ক্লাবের তথ্যের উপর ভিত্তি করে ৪৮-৪৯ নং প্রশ্নের উত্তর দাও:**

| | |
|---|---|
| নগদ উদ্বৃত্ত | ৩,০০০ টাকা |
| অনুদান | ৫,০০০ টাকা |
| ভাড়া | ৪,০০০ টাকা |
| বেতন | ৪,০০০ টাকা |
| ছাপা ও মনিহারি | ২,০০০ টাকা |
| চাঁদা | ১,০০০ টাকা |
| ভর্তি ফি | ১,০০০ টাকা |

*[ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর]*

৪৮. প্রাপ্তি প্রদান হিসাবের মোট প্রদানের পরিমাণ কত? (প্রয়োগ)

(ক) ৮,০০০ (খ) ১০,০০০
(গ) ১২,০০০ (ঘ) ১৮,০০০ **খ**

৪৯. আয়-ব্যয় বিবরণীর ফলাফল কোনটি হবে? (প্রয়োগ)

(ক) ব্যয়াতিরিক্ত আয় ৯,০০০
(খ) ব্যয়াতিরিক্ত ব্যয় ৯,০০০
(গ) ব্যয়াতিরিক্ত ব্যয় ৩,০০০
(ঘ) আয়াতিরিক্ত ব্যয় ৩,০০০ **ঘ**

Teachingbd.com